

মাধ্যমিকের অর্ধ-বার্ষিক পরীক্ষার তারিখ পেছাল, নতুন নির্দেশনা

অনলাইন ডেস্ক

প্রকাশ: ২৪ জুন, ২০২৬ ০০:৫২



সংগৃহীত ছবি

সারা দেশে স্কুল পর্যায়ের অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনী
পরীক্ষা ২৮ জুনের পরিবর্তে আগামী ১ জুলাই থেকে
অনুষ্ঠিত হবে।

মঙ্গলবার (২৩ জুন) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের
পরিচালক (মাধ্যমিক) প্রফেসর মো. সাখাওয়াত হোসেন
খান সই করা চিঠিতে এ নির্দেশনা দেওয়া হয়।

এতে বলা হয়, শিক্ষা মন্ত্রণালয়ের ২০ মে-এর প্রজ্ঞাপনের
পরীক্ষার সময়সূচিতে অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনী
পরীক্ষার তারিখ ২৮ জুন থেকে ১৩ জুলাই পর্যন্ত হওয়ার
কথা। এর পরিবর্তে এসব পরীক্ষা আগামী ১ জুলাই থেকে
শুরু হয়ে ১৬ জুলাই শেষ করার জন্য নির্দেশ দেওয়া
হলো।